# কসর ও জমা করে সালাত আদায় সম্পর্কে কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ কসর ও জমা করে সালাত আদায় সম্পর্কে কিছু বিধান

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## সালাত একত্র করে পড়ার বিধান

আলেমগণ সফরের কারণে দু'সালাত একত্রে আদায় করার ব্যাপারে মতভেদ করেছেন:

১. অধিকাংশ আলেম যেমন মালেকী, শাফেয়ী, হাম্বলীগণ এ মত পোষণ করেছেন যে, সফরের কারণে যোহর এবং আসর অনুরূপভাবে মাগরিব ও ইশার সালাতকে একত্রে আদায় করা জায়েয। [আশ-শারহুল কাবীর, ১/৩৬৮; মুগনিল মুহতাজ, ১/৫২৯, কাশশাফুল কিনা', ২/৫]

২. হানাফী আলেমগণ বলেন, আরাফা ও মুযদালিফা ব্যতীত দু' ফরয সালাতকে একত্র করে আদায় করা যাবে না। তবে আকৃতিগতভাবে একত্রিত করা যাবে, আর তা হচ্ছে যোহরকে তার শেষ সময় পর্যন্ত দেরী করে আদায় করা তারপর আসরকে তার প্রথম ওয়াক্তে আদায় করা। [আদ-দুররুল মুখতার ওয়া হাশিয়া ইবন আবেদীন, ১/৩৮১]

Source — https://www.hadithbd.com/books/link/?id=7291

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন